

আল-আদাবুল মুফরাদ

হাদিস নম্বরঃ ৪৬২

বদান্যতা, কৃপণতা ও চারিত্রিক দোষ-ত্রুটি

পরিচ্ছেদঃ ২১৬- দালান-কোঠা কারুকার্য করা।

بَابُ نَقْشِ الْبُنْيَانِ

আরবী

حَدَّثَنَا مُوسَى، قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ عُمَيْرٍ، عَنْ وَرَّادٍ كَاتِبِ الْمُغِيرَةِ قَالَ: كَتَبَ مُعَاوِيَةُ إِلَى الْمُغِيرَةِ: اكْتُبْ إِلَيَّ مَا سَمِعْتَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَكَتَبَ إِلَيْهِ: إِنَّ نَبِيَّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ، وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ، اللَّهُمَّ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ، وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ، وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ، وَكَتَبَ إِلَيْهِ: إِنَّهُ كَانَ يَنْهَى عَنْ قِيلَ وَقَالَ، وَكَثْرَةِ السُّؤَالِ، وَإِضَاعَةِ الْمَالِ. وَكَانَ يَنْهَى عَنْ عُقُوقِ الْأُمَمَاتِ، وَوَادِ الْبَنَاتِ، وَمَنْعِ وَهَاتِ.

বাংলা

৪৬২। মুগীরা (রাঃ) এর সচিব ওয়াররাদ (রহঃ) বলেন, মুয়াবিয়া (রাঃ) মুগীরা (রাঃ)-কে লিখে পাঠান, আপনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে যা শুনেছেন তা আমাকে লিখে পাঠান। মুগীরা (রাঃ) তাকে লিখলেন, আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতি নামাযের পর বলতেনঃ “আল্লাহ ব্যতীত কোন ইলাহ নাই, তিনি এক, তাঁর কোন শরীক নাই। তাঁরই রাজত্ব, তাঁর জন্যই সব প্রশংসা। তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান। হে আল্লাহ! তুমি যা দান করো তা কেউ রোধ করতে পারে না এবং যা প্রতিরোধ করো তা কেউ দান করতে পারে না। কোন সম্পদশালীর সম্পদ তোমার অসন্তুষ্টির মোকাবিলায় কোন উপকারে আসে না”। তিনি তাকে পত্রে আরো লিখেনঃ তিনি অযথা অধিক কথাবার্তা বলতে, যাঞ্চা করতে এবং সম্পদের অপচয় করতে নিষেধ করতেন। তিনি আরো নিষেধ করতেন, মায়েদের অবাধ্য হতে, কন্যা সন্তানদের জীবন্ত প্রোথিত করতে এবং কার্পণ্য করতে ও অপরের প্রাপ্য রুখে রাখতে। (বুখারী, মুসলিম, দারিমী, আহমাদ, ইবনে হিব্বান, ইবনে খুজাইমাহ, আবু আওয়ানা)

English

Warrad, the scribe of al-Mughira ibn Shu'ba, said, "Mu'awiya wrote to al-

Mughira, saying, 'Write down for me what you heard the Messenger of Allah, may Allah bless him and grant him peace, say.' So he wrote to him, 'The Prophet of Allah, may Allah bless him and grant him peace, used to say at the end of every prayer, "There is no god but Allah alone with no partner. His is the Kingdom and His is the praise and He has power over everything. O Allah, none can withhold what You give nor can anyone give what You withhold. Nor will the wealth of someone with wealth help him against You.' He also write to him, 'He forbade gossip, asking too many questions, and wasting money. He forbade disobeying mothers, burying daughters alive, and he forbade asking people (without real need).'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=45846>

 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন